

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি	সৈয়দ বেলাল হোসেন অতিরিক্ত সচিব
সভার তারিখ	০৮ জুন ২০২২ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ০২:৩০ টা
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব (প্রোগ্রামার, আইসিটি সেল) কে অনুরোধ করা হলে নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করা হয়:

১.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ।

১.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১.২ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের উপর বিস্তারিত আলোচনা করেন। কমিটির তৃতীয় সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সুরক্ষা সেবা বিভাগের হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতির প্রতিটি সেবার বিপরীতে সেবা প্রদানের নিমিত্ত সেবা প্রত্যাশী কর্তৃক আবেদনের জন্য ফরম সংযোজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় জনাব নিপু হালদার, সহকারী প্রোগ্রামার অবহিত করেন যে, সুরক্ষা সেবা বিভাগের ২৪টি নাগরিক সেবার বিপরীতে ১৮টি, ৫০টি প্রাতিষ্ঠানিক সেবার বিপরীতে ১৬টি এবং ৬৩টি অভ্যন্তরীণ সেবার বিপরীতে ০৭টি সেবাতে সেবা প্রদানের জন্য ফরম সংযোজন করা হয়েছে। সম্প্রতি এসিড উৎপাদনের লাইসেন্স নবায়নের আবেদন অনলাইনে (মাইগভ প্ল্যাটফর্ম) চালু করা হয়েছে। এসিড উৎপাদনের লাইসেন্স নবায়নের আবেদনের অনলাইন লিংক সেবা প্রদান প্রতিশ্রুতিতে সংযুক্ত/হালনাগাদ করা যেতে পারে। সুরক্ষা সেবা বিভাগের বিভিন্ন অনুবিভাগ/অধিশাখা/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন হওয়ায় সেবা প্রদান প্রতিশ্রুতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) তথ্য হালনাগাদ করা প্রয়োজন।

সভায় জনাব মোঃ আইয়ুব হোসনে, প্রোগ্রামার অবহিত করেন যে, সুরক্ষা সেবা বিভাগের প্রাতিষ্ঠানিক সেবা ২৯ এবং ৩১ নম্বর সেবা নিম্নরূপ:

২৯ নং সেবা: বিদেশি নাগরিক, পর্যটক, প্রতিনিধিদল, বিশেষ উপদেষ্টাদের বাংলাদেশে আগমন/অবস্থানের জন্য নিরাপত্তা ছাড়পত্র এবং বিদেশি শিল্পীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের ছাড়পত্র;

৩১ নং সেবা: বিদেশি নাগরিক বাংলাদেশে আগমন/অবস্থানের জন্য নিরাপত্তা ছাড়পত্র প্রদান।

সেবা দুটি নিরাপত্তা ছাড়পত্র সংক্রান্ত হওয়ায় দুটি একত্রপূর্বক একটি সেবা রাখা যায় কিনা, সে বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ

করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ সংশ্লিষ্ট শাখা এবং অধিশাখার সাথে আলোচনাপূর্বক বিষয়টি সমাধানের জন্য সুপারিশ করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

১.২ সিদ্ধান্ত:

- (ক) এসিড উৎপাদনের লাইসেন্স নবায়নের আবেদনের অনলাইন লিংক সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্তকরণ;
- (খ) যে সমস্ত অনুবিভাগ/অধিশাখা/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন হয়েছে তাদের তথ্য হালনাগাদকরণ;
- (গ) ২৯ এবং ৩১ নম্বর প্রাতিষ্ঠানিক সেবার বিষয়ে সংশ্লিষ্ট শাখা এবং অধিশাখার সাথে আলোচনাপূর্বক হালনাগাদকরণের উদ্যোগ গ্রহণ করা।

২.০ আলোচ্য বিষয়: বিবিধ।

২.১ আলোচনা: ২০২১-২০২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের যাবতীয় কার্যক্রমের প্রমাণক যথাসময়ে সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

২.২ সিদ্ধান্ত:

- (ক) ২০২১-২০২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের যাবতীয় কার্যক্রমের প্রমাণক যথাযথভাবে সংরক্ষণকরণ;
- (খ) ২০২১-২০২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের যাবতীয় কার্যক্রমের প্রমাণক যথাসময়ে সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিতকরণ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সৈয়দ বেলাল হোসেন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.১০৬

তারিখ: ১ আষাঢ় ১৪২৯


১৫ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ২) যুগ্মসচিব (সংযুক্ত), সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩) যুগ্মসচিব, পরি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) উপসচিব, প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), মাদক-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৭) উপসচিব, কারা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৮) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৯) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বহিরাগমন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

- ১০) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), শৃঙ্খলা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
১১) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আইয়ুব হোসেন
প্রোগ্রামার